**"উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির" ডিসেম্বর/২০২৩ মাসের সভার কার্যবিবরণী:**

**সভাপতি** : শেখ মেহেদী ইসলাম
উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ।

**সভার তারিখ** : ১১/১২/২০২৩ খ্রিঃ।
**সময়** : সকাল: ১০:৩০ ঘটিকা।

**সভার স্থান** : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, শৈলকুপা, ঝিনাইদহ।

**সভায় উপস্থিতি** : সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি কর্তৃক উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে আলোচ্যসূচি সভায় পেশ করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচি-১** : পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:

**আলোচনা:** গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়করণে সকলে একমত পোষণ করেন।

**সিদ্ধান্ত:** গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**বাস্তবায়ন:** সকল ইউনিয়ন চেয়ারম্যান, সদস্যবৃন্দ ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা।

**আলোচ্যসূচি-২ : উপজেলা পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম:**

| উপজেলার নাম | সভার তারিখ | গত মাসের জের | বর্তমান মাসে নতুন অভিযোগ | মোট অভিযোগ | নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | কোর্ট থেকে তদন্তাধীন মামলা |
|---|---|---|---|---|---|---|---|
| শৈলকুপা | ১১/১২/২০২৩ | ০১ টি | ০১ টি | ০১ টি | নেই | ---- | নেই |
| | মোট= | ০১ টি | ০১ টি | ০১ টি | নেই | ---- | নেই |

**আলোচনা:** সকল ইউনিয়ন হতে প্রাপ্ত তথ্যে দেখা যায় যে, ডিসেম্বর/২০২৩ মাসে মোট অভিযোগের সংখ্যা ০১ (একটি)। চলতি মাসে একটি অভিযোগ পাওয়া গেছে। বিবাদী অনুপস্থিত থাকলে নিষ্পত্তি লক্ষ্যে সর্বোচ্চ ২য় বার নোটিশ প্রদানের পর বিষয়টি বিজ্ঞ আদালত/লিগ্যাল এইডে প্রেরণের পরামর্শ প্রদান করা হয়। সভাপতি অনিষ্পন্ন অভিযোগ গুলো দ্রুত নিষ্পত্তি করার বিষয়ে পরামর্শ প্রদান করেন।

উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম দপ্তর অনুযায়ী আলোচনা:

**উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর:** উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর হতে নভেম্বর/২০২৩ মাসে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রম জোরদার করণের লক্ষ্যে উপজেলার সকল মাধ্যমিক স্কুল, মাদ্রাসা এবং কলেজে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত আলোচনা সভা, মা সমাবেশের মাধ্যমে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্যবিবাহ, আত্মহত্যা ইউটিজিং, যৌতুকের মত বিষয়গুলোর ক্ষতিকর দিকগুলো জোরালো ভাবে তুলে ধরতে হবে। মাসে ন্যূনতম ১ টি সভা করতে হবে।

**সিদ্ধান্ত :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত কার্যক্রমে জোরালো ভূমিকা পালন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** মাধ্যমিক শিক্ষা দপ্তর, স্কুল, কলেজ, মাদ্রাসার প্রধান শিক্ষক, প্রিন্সিপালসহ সংশ্লিষ্ট সকল।

**উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তর:** উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তর হতে নভেম্বর/২০২৩ মাসে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত কোন তথ্য পাওয়া যায়নি। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের মাধ্যমে প্রতি মাসে প্রাথমিক বিদ্যালয়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত ১ টি আলোচনা সভা/ মা সমাবেশ করতে হবে। শিশুদের নৈতিকতার বিষয় সম্পর্কে শিক্ষা প্রদান করতে হবে। কোমলমতি শিশুরা যেন কোন অবস্থায়ই নির্যাতনের শিকার না হয়। এবং অশ্লীল অঙ্গভঙ্গি, খারাপ স্পর্শ থেকে তারা যাতে দূরে থাকতে পারে সে বিষয়ে সতর্ক করতে হবে। শিশুরা কাদের সঙ্গে মিশবে, কাদের সঙ্গে মিশবে না, কোথায় যাবে কোথায় যাবে না সে বিষয়েও তাদেরকে পরিবারের মাধ্যমে সতর্ক করতে হবে। শিশু কিশোররা যদি সাইবার ক্রাইমের শিকার হয় তাহলে সাথে সাথে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

**সিদ্ধান্ত :** প্রতিমাসে প্রতি ক্লাসটারে অন্তত ১ টি আলোচনা সভা/ মা সমাবেশ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়ন:** উপজেলা প্রাথমিক শিক্ষা দপ্তর, শৈলকুপা, ঝিনাইদহ।

**আলোচ্যসূচি: (৩) ইসলামিক ফাউন্ডেশন হতে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত:**

| উপজেলার নাম | কর্মসূচি পালনের তারিখ | কর্মসূচির ধরণ | স্থান | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| শৈলকুপা | ২৩/১১/২০২৩ | আলোচনা সভা | উপজেলা শিক্ষক সমিতি ভবন শৈলকুপা, ঝিনাইদহ। | ০১ টি | ২৫ জন |
| | | | মোট= | ০১ টি | ২৫ জন |

**ইসলামিক ফাউন্ডেশন:** ইসলামিক ফাউন্ডেশন শৈলকুপা, ঝিনাইদহ হতে নভেম্বর/২০২৩ মাসে ০১ (এক) টি আলোচনা সভা হয়। এছাড়া প্রতিটি মসজিদে প্রতি শুক্রবার ইসলামিক বিধি মোতাবেক বাল্যবিবাহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, আত্মহত্যা প্রতিরোধ সংক্রান্ত আলোচনা হয়। এবং এ সংক্রান্ত পোষ্টার, স্টিকার, লিফলেট বিতরণ সংক্রান্ত আলোচনা করা হয়। এবং অন্যান্য ধর্মাবলম্বী তাদের নিজ নিজ ধর্ম অনুসারে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত বিষয়ে ধর্মীয় প্রতিষ্ঠানে আলোচনা করার জন্য অনুরোধ জানানো হয়।

**সিদ্ধান্ত :** ইসলামের আলোকে প্রতি শুক্রবার জুম্মার নামাজের আগে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত আলোচনা করার জন্য এবং অন্যান্য ধর্ম অবলম্বনকারী তাদের সুবিধামত সময়ে আলোচনা করবে বলে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় ।

**বাস্তবায়ন:** ইসলামিক ফাউন্ডেশনের অন্তর্ভূক্ত সকল মসজিদের ইমাম, পুরোহিত এবং অন্যান্য ধর্মীয় প্রধানগণ।

* অনাপত্তিকৃত অভিযোগগুলো নিয়মিত পর্যালোচনার মাধ্যমে অভিযোগ নিষ্পত্তির এবং নিয়মিত মনিটরিং করার সিদ্ধান্ত গৃহীত হয়।

* উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিকে শক্তিশালী করার লক্ষ্যে উপজেলা পর্যায়ে ইউনিয়ন সমূহে নিয়মিত সভাসহ উঠান বৈঠকে নারী নির্যাতন প্রতিরোধ, আত্মহত্যা, বাল্যবিবাহ ও যৌতুকের কুফল সম্পর্কে আরও বেশি আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

* স্থানীয় এনজিওসমূহ ইউনিয়ন ভিত্তিক সচেতনতা কার্যক্রম গ্রহণ করবে এবং এ সকল কার্যক্রমে উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা অংশগ্রহণ করবেন।

**বাস্তবায়ন:** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।

**আলোচ্যসুচি (৪)** থানা অফিসার ইনচার্জ শৈলকুপা, ঝিনাইদহ কার্যালয় হতে প্রাপ্ত নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সংক্রান্ত মামলার তথ্য:

| উপজেলার নাম | মামলার সংখ্যা | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | ধর্ষণ | নারী নির্যাতন | অপহরণ | অপমৃত্যু | |
| | নেই | ০১ টি | নেই | ১০ টি | |
| মোট= | নেই | ০১ টি | নেই | ১০ টি | |

**আলোচনা:** থানা অফিসার ইনচার্জ শৈলকুপা, ঝিনাইদহ কার্যালয় হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী নভেম্বর/২০২৩ মাসে ১১ টি মামলা দায়ের হয়েছে এসব মামলার মধ্যে অপমৃত্যু মামলা ১০ টি, ধর্ষণ মামলা নেই, অপহরণ মামলা নেই এবং নারী ও শিশু নির্যাতন মামলা ০১ টি। এইসব মামলা বিষয়ে যথাযথ পদক্ষেপ নেয়ার জন্য থানা অফিসার ইনচার্জকে অনুরোধ করা হলো।

**সিদ্ধান্ত :** মামলা সমূহের বিষয়ে কার্যকরী পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

**বাস্তবায়ন:** থানা অফিসার ইনচার্জ, শৈলকুপা, ঝিনাইদহ।

**আলোচ্যসূচি: (৫) নারী ও শিশু পাচার প্রতিরোধ সংক্রান্ত:**

| উপজেলার নাম | কর্মসূচি পালনের তারিখ | কর্মসূচির ধরণ | স্থান | কর্মসূচির সংখ্যা | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| শৈলকুপা | ০২/১১/২০২৩<br>০৬/১১/২০২৩<br>৩০/১১/২০২৩ | আলোচনাসভা/ উঠান বৈঠক | ০১ নং ত্রিবেনী ইউনিয়ন পরিষদ<br>মহিলা বিষয়ক অধিদপ্তরের নিজ অফিস ভবন, শৈলকুপা, ঝিনাইদহ।<br>১৪ নং দুধসর ইউনিয়ন পরিষদ | ০৩ টি | ৭৫ জন |
| | | | মোট= | ০৩ টি | ৭৫ জন |

**আলোচনা:** সভাপতি, ইউনিয়ন পর্যায়ে সকল ইউনিয়ন কমিটিতে সক্রিয় করে গতিশীল করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানান। তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও অন্যান্য জনপ্রতিনিধিদেরকে আত্মহত্যা, যৌতুক, বাল্যবিবাহ, মাদক, ইভটিজিং, প্রতিরোধে কার্যকর ভূমিকা রাখার অনুরোধ জানান। তিনি এ বিষয়ে মসজিদের ইমামগণ যেন জুম্মার দিনে খুতবার সময় ধর্মীয় দৃষ্টিকোন থেকে আলোচনা করেন সে বিষয়ে ইসলামিক ফাউন্ডেশন, শৈলকুপাকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, শৈলকুপা উপজেলায় আত্মহত্যা একটি বড় সমস্যা। আত্মহত্যা প্রতিরোধে সরকারি, বেসরকারি প্রতিষ্ঠানকে একযোগে কাজ করতে হবে।

**সিদ্ধান্ত :** ১) ইউনিয়ন পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটিতে সক্রিয় ও শক্তিশালী করতে হবে।

২) প্রতিটি দপ্তরের মাঠ পর্যায়ের কর্মসূচিতে মানব পাচার, যৌতুক, বাল্যবিবাহ, আত্মহত্যা, মাদক, ইভটিজিং, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ এবং অন্যান্য সামাজিক সমস্যার বিষয়ে আলোচনা করার জন্য সকল দপ্তর প্রধানকে জানানো হয়।

৩) আত্মহত্যা প্রতিরোধে রূপায়ন এনজিওসহ অন্যান্য সকল সরকারি বে-সরকারি প্রতিষ্ঠানগুলোকে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন:** উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা তথ্য কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এবং বিভিন্ন বিভাগের দপ্তর প্রধান ও সংশ্লিষ্ট এনজিও।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সদস্যদের জোড়ালো ভূমিকা ও ঐকান্তিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১/১২/২০২৩

**(শেখ মেহেদী ইসলাম)**
উপজেলা নির্বাহী অফিসার
ও সভাপতি
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ।

স্মারক নং-৩২.০১.৪৪৮০.০০০.০৬.০০১.১৭-৩২০ ১১/১২/২০২৩ খ্রিঃ ।

**অনুলিপি: সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।**

১। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
২। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঝিনাইদহ।
৩। ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
৪। উপজেলা..............................কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ।
৫। অফিস কপি।

১১/১২/২০২৩

**(রেশমা খানম)**
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
ও সদস্য সচিব
উপজেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি
শৈলকুপা, ঝিনাইদহ।